শীতার্ত মানুষকে একটি কম্বল দিতে পারা অনেক আনন্দের ব্যাপার: অধ্যাপক ডা.স্বপ্নীল

চেম্বার ডেস্ক: বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ইন্টারভেনশনাল হেপাটোলজি ডিভিশনের প্রধান ও জালালাবাদ লিভার ট্রাস্টের চেয়ারম্যান অধ্যাপক ডা.মামুন আল মাহতাব স্বপ্নীল বলেছেন, শীতের কষ্ট সেই বুঝবে যার কাছে শীত নিবারণের মতো কোনো বস্ত্র নেই। শীতার্ত মানুষের কষ্ট লাঘবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশে কম্বল বিতরণ কর্মসূচি বাস্তবায়ন করছেন।

সেই কর্মসূচির সঙ্গে একাত্ম হয়ে জালালাবাদ লিভার ট্রাস্টের সহযোগীতায় শীতবস্ত্র বিতরণ করা হচ্ছে।
তিনি বলেন, সমাজের প্রতিটি মানুষের উচিত মানুষের সেবায় নিজেকে নিয়োজিত করা।

একজন শীতার্ত মানুষের গায়ে একটি কম্বল দিতে পারা অনেক আনন্দের বিষয়। আমাদের প্রত্যেককে স্ব স্ব অবস্থান থেকে জনসেবায় নিজেকে আত্মনিবেদন করতে হবে। জনসেবায় আত্মনিবেদন করা পরম এবাদত।

মঙ্গলবার (২ জানুয়ারী) সিলেটের দক্ষিণ সুরমায় পলিটেকনিক্যাল ইনিস্টিউট গেইট সংলগ্ন বিদ্যানিকেতন স্কুলে জালালাবাদ লিভার ট্রাস্টের সহযোগিতায় ইনফো বাংলা ও সিলেট রক্তদান অনুসন্ধানে আমরা এর উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

তিনি আরও বলেন,প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে এবং সারা বিশ্বে শ্রেষ্ঠ বয়োজ্যেষ্ঠ প্রধানমন্ত্রী হিসেবে সুনাম অর্জন করেছেন। বাংলাদেশ বিশ্বের বুকে একটি রোল মডেল। আর এ উন্নয়নের রোল মডেলের ধারাবাহিকতা বজায় রাখতে আগামী ৭ জানুয়ারি নৌকায় ভোট দিতে হবে। আপনার এ ভোট শেখ হাসিনার হাতকে শক্তিশালী করবে। তার নেতৃত্বে আগামী দিনে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে বিশ্বের বুকে পরিচিতি লাভ করবে

অনুষ্ঠানে উদ্বোধক ছিলেন দৈনিক ইনফোবাংলা সিলেটের ব্যুরো

প্রধান উৎফল বড়ুয়া।

বিশেষ অতিথি ছিলেন, ইস্পাহানি টি লিমিটেড এর সিলেটের বিভাগীয় প্রধান মোহাম্মদ আনিসুজ্জামান, সমাজকর্মী প্রশান্ত লিটন,প্রমুখ।